

সিলেটে বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের ভাংচুর

● সিলেটে বুয়েট বিশ্ববিদ্যালয়ের পত্রিকা নিয়ন্ত্রক শিক্ক ও কর্মকর্তাদেরও শারীরিকভাবে মারাত্মক আঘাত করেছে। এ ঘটনা ঘটে। এ সময় ছাত্রলীগ

ক্যাডারদের প্রকাশ্যে ক্যাম্পাসে আগ্রের মর্ডা দেওয়ার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যাওয়ার আগেই তারা পালিয়ে যায় বলে প্রত্যক্ষদর্শীরা জানান।

শিক্ষক লাঞ্ছিত

গতকাল বিশ্ববিদ্যালয়ের বিবিএ র ছাত্র ও ছাত্রলীগ কর্মী বাব্বী তার সাময়িক সনদপত্র তুলতে পরীক্ষা নিয়ন্ত্রক ড. বন্দকার মুহিনুল হকের

অফিসে যান। সনদপত্র নেওয়ার আগে নিয়ম অনুযায়ী বেতনের বকেয়া ৭২ হাজার টাকা পরিশোধ করতে বলেন পরীক্ষা নিয়ন্ত্রক। বাব্বী তাতে রাজি না হয়ে পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়েন। একপর্যায়ে ছাত্রলীগ ক্যাডার বাব্বী তার সহযোগী সাগর, আখলাক (সম্রাসী), কর্ণকাতের জন্য বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কৃত, ইশকান, সমীরশহ ২০-২৫ জন ছাত্রলীগ কর্মী পরীক্ষা নিয়ন্ত্রককে শারীরিকভাবে লাঞ্ছিত করে ও অফিসে ভাংচুর চালায়।

পরীক্ষা নিয়ন্ত্রককে রক্ষা করতে গিয়ে হামলাকারীদের হাতে লাঞ্ছিত হন বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ও ইংরেজি বিভাগের প্রভাষক প্রণবকান্তি দেব, অফিস কর্মকর্তা সঞ্জয় কুমার দাস ও সেকশন অফিসার শামসুল আলম।

পরীক্ষা নিয়ন্ত্রক ড. বন্দকার মুহিনুল হক সমকালকে বলেন, নিয়ম অনুযায়ী বেতনের বকেয়া টাকা দিয়ে সনদপত্র নিয়ে যাওয়ার কথা বলার পর তারা হামলা ও ভাংচুর করে। তিনি সহ কয়েকজন শিক্ষক-কর্মকর্তা আহত হয়েছেন বলে জানান তিনি। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ কর্মকর্তা তারেক উদ্দিন তালুক বলেন, অনার্স শেষ করতে বাব্বীর এখনও এক সেমিস্টার বাকি আছে। এর মধ্যে গতকাল সে সাময়িক সনদপত্র নিতে এসে পরীক্ষা নিয়ন্ত্রক বকেয়া পরিশোধ করতে বলেন। এর জের ধরে ক্যাম্পাসে গভণগোল হয়েছে।